বাফুফের সম্মানিত সভাপতির মাসিক বিবৃতি - জুন ২০২২

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে সবাইকে শুভেচ্ছা।

গত মাসের বিবৃতিতে আমার অনুভূতিগুলো আপনাদের সাথে শেয়ার করেছিলাম, কিভাবে বাংলাদেশ ফুটবল ফেডারেশন একটি দেশের স্পোর্টস গভর্নিংবডির হার্ট বিটকে কেন্দ্র করে ফুটবল সম্প্রদায়ের প্রত্যাশা পূরণ করার সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাচ্ছে। ফুটবলের অবকাঠামোগত উন্নয়ন, সম্পর্ক স্থাপন এবং ফুটবলকে ভবিষ্যতে দেশের গন্ডি পেরিয়ে বিশ্বের দরবারে বাংলাদেশের নাম প্রতিষ্ঠিত করার প্রক্রিয়া চলমান রয়েছে এবং তা অব্যাহত থাকবে। আমাদের 'ন্যাশনাল ফুটবল ডেভেলপমেন্ট' পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্য পূরনের জন্য আমরা বদ্ধপরিকর।

আমাদের এই ধারাবাহিক উন্নয়নমূলক কাজের জন্য AFC ও FIFA থেকে সর্বদাই প্রশংসিত হই কিন্তু বিশ্বদরবারে আমাদের পরিচিতি এবং খেলাধুলায় প্রতিদ্বন্দ্বী হয়ে ওঠার ব্যাপারে আমরা একটি শক্তিশালী মিশনের মধ্য দিয়ে যাচ্ছি। সম্প্রতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০২১ সালে অনুষ্ঠিত "সাফ অ-১৯ মহিলা ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২১" ও "মুজিব বর্ষ ফিফা আন্তর্জাতিক ফুটবল সিরিজ ২০২১" এর চ্যাম্পিয়ন দলের খেলোয়াড় ও অফিশিয়ালদের সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ে একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করেন। উক্ত অনুষ্ঠানে তিনি দেশের প্রতিটি উপজেলায় মিনি স্টেডিয়াম স্থাপন ও অন্যান্য অবকাঠামোগত উন্নয়নের উপর জোর দেয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। আমরা ইতোমধ্যে কক্সবাজারের রামুতে একটি বাফুফে টেকনিক্যাল সেন্টার স্থাপনাসহ ঢাকার বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পুনঃ নির্মাণ ও আধুনিকায়নের উপর অধিক মনোনিবেশ করছি।

ফিফা বিশ্বকাপ ট্রফি বাংলাদেশেঃ

আমি অত্যন্ত আনন্দিত এবার আমরা বাংলাদেশে ফিফা বিশ্বকাপ ট্রফি আগমনের আয়োজন করতে পেরেছি। কাতার বিশ্বকাপ এখন সন্নিকটে তারই ধারাবাহিকতায় সাবেক ফরাসি বিশ্বকাপজয়ী খেলোয়াড় ক্রিশ্চিয়ান কারেম্বুসহ সাত সদস্যের ফিফা প্রতিনিধি দলের সঙ্গে ফিফা বিশ্বকাপের আসল ট্রফিটি ঢাকায় এসেছিলো। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংসদ ভবনে প্রতিনিধি দলের সাথে কুশল বিনিময় করেন এবং সংক্ষিপ্ত বক্তৃতায় তিনি খেলাধুলায় বিশেষ করে ফুটবলে তার পরিবারের সম্পৃক্ততার কথা স্মরণ করিয়ে দেন। বিশ্বকাপ ট্রফি বাংলাদেশে আসার জন্য ফিফা, কোকা-কোলা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। ফিফা ট্রফির বাংলাদেশ সফর দেশের ক্রীড়া প্রেমীদের, বিশেষ করে তরুণ প্রজন্মকে উৎসাহিত করবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

ফিফা ফ্রেন্ডলি ম্যাচ ও এএফসি এশিয়ান কাপ কোয়ালিফায়ার্স ২০২৩ঃ

এএফসি এশিয়ান কাপ বাছাই পর্বের জন্য আমাদের পুরুষ জাতীয় ফুটবল দল ইন্দোনেশিয়া এবং মালয়েশিয়া উভয় ক্ষেত্রেই অত্যন্ত ইতিবাচক অভিজ্ঞতা অর্জন করেছে। শক্তিমত্তার তুলনামূলক বিশ্লেষনে বাংলাদেশের অবস্থান ভক্তদের কাছে খুবই আশাব্যঞ্জক না হলেও দলের খেলা তাদেরকে আনন্দ প্রদান করেছে এবং ভবিষ্যতে বাংলাদেশের খেলা নিয়ে নতুন করে উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হয়েছে। এশিয়ান কাপ বাছাই পর্ব শুরুর আগে উচ্চ র‍্যাংকের ইন্দোনেশিয়ার বিপক্ষে গোলশূন্য ড্রতে আমরা প্রতিদ্বন্দ্বিতামূলক খেলা খেলেছিলাম। কোয়ালিফায়ার চলাকালীন আমরা ৮৯তম র‍্যাংকের বাহরাইন এবং ১৩৪তম র‍্যাংকের তুর্কমেনিস্তানের বিরুদ্ধে আমাদের গতি এবং খেলার প্রকৃতির প্রশংসা কুড়িয়েছি। দুর্ভাগ্যবশত আমি অনুভব করেছি যে এখানে প্রত্যেকটি দলই রিকভারির জন্য অনেক কম সময়ে পেয়েছে যার প্রতিফলন আমরা সর্বশেষ ম্যাচটিতে দেখেছি। আমি বাহরাইন এবং মালয়েশিয়া উভয়কেই প্রতিযোগিতার পরবর্তী রাউন্ডে অগ্রগতির জন্য অভিনন্দন জানাতে চাই। মালয়েশিয়ার বিপক্ষে খেলার দিন বাংলাদেশ দলকে মাঠে সমর্থন করার জন্য যারা এসেছিলেন তাদের আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাতে চাই। এটা দেখে আমার অত্যন্ত গর্ববোধ হয়েছে এবং অপরিমেয় আশাবাদ নিয়ে আরও সামনে এগিয়ে যেতে চাই।

ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল (DPP)ঃ

আমরা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর একটি পাচঁ (৫) বছর মেয়াদী ফুটবল উন্নয়ন পরিকল্পনার প্রস্তাব দিয়েছি। আমাদের ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল (DPP) এর মূলনীতি হচ্ছে "ফুটবল প্রতিযোগিতার আয়োজন, সারা বাংলাদেশে উন্নয়ন”। আমরা আশাবাদী যে আমরা সরকারের কাছ থেকে প্রয়োজনীয় সহায়তা পাব। এটি অবশ্যই আমাদের খেলার মানোন্নয়ন, গতি এবং অনুপ্রে রণার যোগান দিবে বলে আমি বিশ্বাস করি।

বাংলাদেশের স্বপ্ন-পদ্মাসেতুঃ

আমাদের মাননীয় প্রধানমন্ত্রী বহুল প্রতীক্ষিত 'পদ্মাসেতু' গত ২৫ জুন ২০২২ তারিখ উদ্বোধন করেছেন। এই আনন্দের মুহূর্তটিকে স্মরণীয় করে রাখতে আমরা মতিঝিলস্থ বাফুফে ভবনে দিনব্যাপী অনুষ্ঠানের আয়োজন করেছি। এটি পুরো বিশ্বের জন্য একটি বিস্ময়কর অর্জন এবং অন্যান্য দেশের জন্য অনুসরণীয় যে আমরা সব পারি। এই উপলক্ষে আমি সকল ক্রীড়াপ্রেমী জনগনের পক্ষ থেকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাতে চাই আমাদের দেশের মাননীয় প্রধানমন্ত্রী ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাকে যিনি এই প্রকল্পটি বাস্তবায়ন করে অসম্ভবকে সম্ভব করার নজির স্থাপন করেছেন।

বসুন্ধরা গ্রুপ বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২১-২২ঃ

বাংলাদেশের পেশাদার ফুটবল এর দ্বিতীয় স্তর চ্যাম্পিয়নশীপ লীগে নতুন চ্যাম্পিয়ন হিসেবে অভিষিক্ত হয়েছে ফর্টিস ফুটবল ক্লাব লিঃ। গত মৌসুমের তৃতীয় স্থান অধিকারী এই ক্লাবটিকে তাদের উচ্চাকাংক্ষা ও শিরোপা জয়ের আকুল প্রত্যাশাকে আমি সাধুবাদ জানাই। পেশাদারী স্তরের সর্বোচ্চ লিগে খেলার জন্য অনেক প্রস্তুতি এবং পরিকল্পনার প্রয়োজন, আমি বিশ্বাস করি এই ক্লাবটি তাদের ধারাবাহিকতা বজায় রাখবে এবং দেশের ফুটবলকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সম্মুখযোদ্ধা হিসেবে নিবিড়ভাবে কাজ করবে।

ফিফা আন্তর্জাতিক মহিলা ফুটবল সিরিজ ২০২২ঃ

সিলেটের বন্যাকবলিত মানুষের জন্য আমার আন্তরিক সহমর্মিতা জ্ঞাপন করছি। সিলেটে চলমান বন্যা সংকট বিবেচনায় উদ্বেগজনক পরিস্থিতির মধ্যে সিলেট জেলা ফুটবল এসোসিয়েশন মাঠ/স্টেডিয়াম প্রস্তুত করতে তাদের অসহায়ত্ব প্রকাশের পর আমরা বাংলাদেশ মহিলা জাতীয় দলের দুটি ফিফা প্রীতি ম্যাচ সিলেট থেকে ঢাকায় স্থানান্তর করেছি। বীরশ্রেষ্ঠ শহীদ মোস্তফা কামাল স্টেডিয়ামে ফিফা-অনুমোদিত দুটি আন্তর্জাতিক প্রীতি ম্যাচের প্রথমটিতে মালয়েশিয়া মহিলা জাতীয় ফুটবল দলকে ৬ -০ গোলে হারিয়ে বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল দেশের ফুটবলের ইতিহাসে অন্যতম বড় চমক দিয়েছে। দ্বিতীয় খেলায়, আমরা আমাদের অনন্য শৈলী, শক্তি এবং সতেজতা দিয়ে ম্যাচটিতে পুরোপুরি আধিপত্য বিস্তার করেছিলাম কিন্তু কিছু দুর্দান্ত সুযোগ পেয়েও আমরা মালয়েশিয়ার কঠোর রক্ষণভাগকে ভাঙতে পারিনি। ফিফা র‍্যাংকিংয়ে আমরা আসলে মালয়েশিয়ার চেয়ে অনেক পিছিয়ে আছি তবুও বাংলাদেশ মহিলা জাতীয় দলের খেলোয়াড়দের ধারাবাহিক উন্নতি, শারীরিকভাবে শক্তিশালী হওয়া এবং তাদের অভিজ্ঞতা থেকে শেখার অদম্য ইচ্ছা ও আগ্রহ দেখে আমি অনেক খুশি হয়েছি। এই দলের সাথে জড়িত সবাইকে আমি অভিনন্দন জানাতে চাই এবং পাশাপাশি ফিফার সদস্য ও বাফুফে কার্যনির্বাহী কমিটির সদস্য মাহফুজা আক্তার কিরনকে বাংলাদেশের মহিলা ফুটবলের উন্নয়নে তার কঠোর পরিশ্রম ও দৃষ্টিভঙ্গির জন্য সাধুবাদ জানাই। দেশের মহিলা ফুটবল দলকে সামনে এগিয়ে নিতে আমি সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করবো।

নতুন রেফারি প্রশিক্ষণ কোর্স ২০২২ঃ

আমরা শিক্ষামূলক কর্মকান্ডকে ফেডারেশনের দৈনন্দিন কাজের একটি দৃঢ় উপাদান হিসেবে দেখি। কিছুদিন আগে আমরা রেফারিদের একটি নতুন প্রজন্মকে একত্রিত করেছি যারা সামনের দিন গুলোতে নিজেদের রেফারি হিসেবে মেলে ধরার স্বপ্ন দেখে। অবশ্যই আমাদের বর্তমান রেফারিদের সমর্থন ও উন্নতি অব্যাহত রাখতে হবে এবং আমাদের পরবর্তী প্রজন্মের রেফারিদের আকৃষ্ট করতে হবে। এই সকল নতুন রেফারি তৈরি করার কর্মশালাগুলো চলমান থাকবে এবং আমি বিশ্বাস করি তারা ভবিষ্যতে দেশের গন্ডি পেরিয়ে দেশের বাইরে ও বাংলাদেশের সুনাম ছড়িয়ে দিবে।

বসুন্ধরা গ্রুপ পাইওনিয়ার (অ-১৫) ফুটবল লীগ ২০২১-২২ঃ

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের তত্ত্বাবধানে এবং পাইওনিয়ার ফুটবল লীগ কমিটির ব্যবস্থাপনায় গত ২৮ মে ২০২২ তারিখ হতে ঢাকার ৫টি ভেন্যুতে ৪৩টি ফুটবল দলের অংশগ্রহণে 'বসুন্ধরা গ্রুপ পাইওনিয়ার (অ-১৫) ফুটবল লীগ ২০২১-২২' এর খেলা শুরু হয়েছে। আমরা এই ধরণের প্রতিযোগিতার জন্য দল, খেলোয়াড়, কর্মকর্তা এবং কোচদের কাছ থেকে প্রচুর আগ্রহ দেখেছি। অবশ্যই আমাদের ভবিষ্যতে আরও অনেক বেশি বয়স ভিত্তিক প্রতিযোগিতা এবং উক্ত প্রতিযোগিতাগুলো আরও দীর্ঘ সময়ের জন্য আয়োজন করার পরিকল্পনা আছে। আমি পাইওনিয়ার ফুটবল লীগ কমিটি ও সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

বাফুফে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১-২২ঃ

'বাফুফে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১-২২' এর আঞ্চলিক পর্বের খেলা গত ১২-০৫-২০২২ তারিখ হতে দেশের ৮টি ভেন্যুতে অনুষ্ঠিত হয়। উক্ত ৮ ভেন্যুর চ্যাম্পিয়ন ৮টি দলের অংশগ্রহণে চূড়ান্ত পর্বের খেলা ২৮-০৬-২০২২ তারিখ ঢাকায় পল্টন ময়দানস্থ আউটার স্টেডিয়ামে শুরু হয়েছে। আমি বাফুফে জাতীয় স্কুল ফুটবল কমিটির চেয়ারম্যান জনাব বিজন বড়ুয়া ও সদস্যগণ সহ উক্ত প্রতিযোগিতার খেলাসমূহ আয়োজনে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২১ঃ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষে শ্রদ্ধা প্রদর্শন পূর্বক "বঙ্গবন্ধু জাতীয় ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১" এর আঞ্চলিক পর্বের চ্যাম্পিয়ন ৮টি জেলা ফুটবল দল এবং সেবা অঞ্চলের চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলসহ মোট ১০টি দলের অংশগ্রহণে চুড়ান্ত পর্বের খেলা ১৮ জুলাই ২০২২ তারিখ হতে আচমত আলী খান স্টেডিয়াম, মাদারীপুর এ শুরু হয়েছে। প্রতিযোগিতার সেমি-ফাইনাল ও ফাইনাল খেলা ১ ও ৪ জুলাই ২০২২ তারিখ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়াম কমলাপুর, ঢাকায় অনুষ্ঠিত হবে।

পরিসমাপ্তিতে বলতে চাই, বিশ্বের যে সকল দেশ মহিলা ও পুরুষ ফুটবলের উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সাফল্য পেয়েছে তারা দীর্ঘ সময় ধরে খেলাধুলা ও ফুটবল এর ডেভেলপমেন্ট এর জন্য কাজ করে আসছে যা একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ। আমাদের সাফ অ-১৯, অ-১৮, বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল এবং পুরুষ জাতীয় ফুটবল দলের পারফরম্যান্স ও বাফুফে এলিট একাডেমির খেলোয়াড়দের প্রতিভা দেখে আমি ভবিষ্যতের জন্য আশাবাদী। আমরা আমাদের উন্নয়ন পরিকল্পনার সম্প্রসারণ অব্যাহত রাখব।

********** **********